57


বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

আজকের কাগজ

# সরকার কা মাল দরিয়া মে ঢাল

**সরাইল প্রতিনিধি :** ব্রাহ্মণবাড়িয়ার সরাইল থানার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কল্পে থানার ৫টি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন নিলামে বিক্রি করা হয়েছে। এসব বিদালয় ভবনের আনুমানিক মূল্য নির্ধারণ করে থানা প্রকৌশলী অফিস সরাইল। এক অভিযোগে জানা গেছে, থানা প্রকৌশলীসহ বেশ ক'জন কর্মকর্তার যোগসাজশে অতি নগণ্য মূল্যে নাম মাত্র কয়েকজন ঠিকাদারের কাছ থেকে দরপত্র গ্রহণ করে এগুলো নিলাম দেয়া হচ্ছে। এমনি একটি বিদ্যালয় কুট্টাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। যার ১৬টি পালা, ৪টি তীর, ৫টি জানালা, ২টি দরজা, প্রায় ২০ বাণ্ডিল টিনসহ এই বিদ্যালয়টি ঠিকাদারের মাধ্যমে সর্বোচ্চ ৪ হাজার টাকায় নিলাম দেয়া হয়েছে ক্ষমতাসীন জনৈক নেতার সুপারিশের জন্যে। এ প্রতিনিধি অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্তে গেলে অত্র এলাকার কয়েকজন অভিজ্ঞ সুধিজনের সঙ্গে আলাপ করলে জানান যে, এই বিদ্যালয়ে প্রায় ৪০ হাজার টাকার শুধু কাঠই রয়েছে এবং এই স্কুলটি যদি প্রকাশ্য নিলামের সুযোগ দেয়া হতো তা হলে ৫০/৬০ হাজার টাকা বিক্রি হতো। এ ব্যাপারে এলাকার জনৈক ব্যক্তি জেলা প্রশাসক ব্রাহ্মণবাড়িয়ার বরাবর অভিযোগ করেছেন বলে জানা গেছে।



সরাইলের কুট্টাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়